


অতিব জরুরী

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
জেলা পরিষদ অধিশাখা
www.lgd.gov.bd



নং- ৪৬.৪২.০০০০.০০০.৯৯.০৬২.১৬.১৪৭

তারিখ: ১৭/০১/২০১৭

বিষয়ঃ জেলা পরিষদের প্রথম সভা আহ্বান।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, “জেলা পরিষদ আইন, ২০০০” এর ২২ ও ২৩ ধারায় চেয়ারম্যান ও সদস্য কর্তৃক কার্যভার গ্রহণ এবং পরিষদের প্রথম সভা অনুষ্ঠান সম্পর্কে নিম্নরূপ উল্লেখ রয়েছে:

২২। চেয়ারম্যান ও সদস্য কর্তৃক কার্যভার গ্রহণ।- চেয়ারম্যান ও সদস্যগণ পরিষদের সভায় প্রথম যে তারিখে যোগদান করিবেন সেই তারিখে তাহার স্বীয় পদের কার্যভার গ্রহণ করিয়াছেন বলিয়া গণ্য হইবে।

২৩। পরিষদের প্রথম সভা অনুষ্ঠান।- ধারা ৭ এর অধীন শপথ গ্রহণ অনুষ্ঠানের পরবর্তী ত্রিশ দিনের মধ্যে পরিষদের প্রথম সভা সরকার বা উহার নিকট হইতে এতদুদ্দেশ্যে ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তি আহ্বান করিবেন।

০২। এমতাবস্থায়, “জেলা পরিষদ আইন, ২০০০” এর ধারা ২৩ এর আলোকে আগামী ২৯ জানুয়ারি ২০১৭ এর মধ্যে জেলা পরিষদের প্রথম সভা আহ্বানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


(জুবাইদা নাসরীন)

উপসচিব

ফোনঃ ৯৫৭৫৫৬৮

ই-মেইল : lgzp@lgd.gov.bd

প্রধান নির্বাহী কর্মকর্তা

----- জেলা পরিষদ।

অনুলিপি: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। অতিরিক্ত সচিব প্রশাসন, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ২। চেয়ারম্যান, জেলা পরিষদ-----।
- ৩। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ৪। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৫। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।